

উৎপাদন ব্যয় বিবরণী

Cost Sheet

8

ভূমিকা

Introduction

একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতের মাধ্যমে একটি নির্দিষ্ট সময়ের মোট উৎপাদন ব্যয় এবং একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয় করে থাকে। প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী এ বিবরণী মাসিক, ত্রৈমাসিক অর্থ বার্ষিক কিংবা বার্ষিক হতে হতে পারে। ব্যবস্থাপনার প্রয়োজন অনুযায়ী উৎপাদন ব্যয় বিবরণী সমগ্র প্রতিষ্ঠানের জন্য কিংবা কোনো একটি ব্যয় কেন্দ্রের জন্য ও হতে পারে। এ ইউনিটে আমরা উৎপাদন ব্যয় বিবরণীর সংজ্ঞা, প্রস্তুতের উদ্দেশ্য শ্রেণিবিভাগ এবং উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতের গাণিতিক সমস্যাবলী ও এর সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করবো।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ-৪.১ : উৎপাদন ব্যয় বিবরণীর সংজ্ঞা, উদ্দেশ্য ও শ্রেণিবিভাগ।

পাঠ-৪.২ : ব্যয় বিবরণীতে ব্যবহৃত পরিভাষা ও ব্যয় বিবরণীর নমুনা ছক।

পাঠ-৪.৩ : ব্যয় বিবরণী সম্পর্কিত গাণিতিক সমস্যাবলী ও এর সমাধান।



মূখ্য শব্দ

উৎপাদন ব্যয় বিবরণী, মূখ্য ব্যয়, কারখানা ব্যয়, চলতি কার্য, বিক্রিত দ্রব্যের ব্যয়, বিক্রয় ব্যয়, বিক্রয় মূল্য, টেন্ডার মূল্য।

পাঠ-৪.১

উৎপাদন ব্যয় বিবরণীর সংজ্ঞা, উদ্দেশ্য ও শ্রেণিবিভাগ
Definition, Objectives and Classification of Cost Sheet

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- উৎপাদন ব্যয় বিবরণীর সংজ্ঞা বলতে পারবেন।
- উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য বর্ণনা করতে পারবেন।
- উৎপাদন ব্যয় বিবরণীর শ্রেণিবিভাগ ব্যাখ্যা করতে পারবেন।

উৎপাদন ব্যয় বিবরণী
Cost Sheet

উৎপাদন ব্যয় বিবরণী হচ্ছে উৎপাদনের সাথে সংশ্লিষ্ট ব্যয় সমূহের একটি তালিকা যার মাধ্যমে মোট উৎপাদন ব্যয় বা একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয় করা হয়। CIMA এর মতে “Cost Sheet is a document which provides for the assemble of the detailed cost of a Cost Center or Cost unit” - অর্থাৎ ব্যয় তালিকা হলো একটি দলিল যা কোনো ব্যয় কেন্দ্র বা ব্যয় এককের বিস্তারিত ব্যয় সমূহ সংযোজনের ব্যবস্থা করে। উৎপাদন ব্যয় বিবরণীর সাহায্যে উৎপাদনের জন্যে ব্যয়িত মাল, শ্রম, উপরিখরচ এবং মুনাফার পরিমাণ আলাদা আলাদা ভাবে জানা যায়। উৎপাদনকারী প্রতিষ্ঠান সাধারণত বছরের শেষ দিনে উৎপাদনে ব্যবহৃত উপাদান সমূহের ব্যয় দেখিয়ে এ বিবরণী প্রস্তুত করে থাকে। তবে ব্যবস্থাপনার প্রয়োজনে মাসিক, ত্রৈমাসিক কিংবা অর্ধ-বার্ষিক ভিত্তিতেও এটি প্রস্তুত করে থাকে।

উৎপাদন ব্যয় বিবরণীর উদ্দেশ্য

Objectives of Cost Sheet

উৎপাদন ব্যয় বিবরণীর প্রধান উদ্দেশ্যগুলো নিম্নরূপঃ

১. মোট ব্যয় নির্ণয় (Determining Total Cost) : কোনো একটি নির্দিষ্ট সময়ের পর কিংবা কোনো একটি পণ্য উৎপাদনের পর ঐ পণ্যের মোট উৎপাদন ব্যয় জানার জন্য উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করা হয়।
২. একক ব্যয় নির্ণয় (Determining Unit Cost) : মোট ব্যয় জানার সাথে সাথে একক প্রতি ব্যয় জানারও প্রয়োজন হয় এবং এ উদ্দেশ্যেও উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করা হয়।
৩. বিক্রয়মূল্য নির্ধারণ (Determining Selling Price): উৎপাদিত পণ্যের সঠিক বিক্রয় মূল্য নির্ণয়ের জন্য উৎপাদন ব্যয়ের সাথে মুনাফা যোগ করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিক্রয়মূল্য নির্ধারণ করে থাকেন এবং এজন্য উৎপাদন ব্যয় বিবরণীর সাহায্য নিতে হয়।
৪. টেন্ডার মূল্য নির্ণয় (Determining Tender Price): বিগত সময়ের ব্যয় বিবরণীর উপর ভিত্তি করে টেন্ডার মূল্য নির্ধারণ করাও উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতের অন্যতম উদ্দেশ্য।
৫. সমাপনী মজুদ মূল্যায়ন (Valuation of Closing Stock): উৎপাদন ব্যয় বিবরণীর সাহায্যে একটি নির্দিষ্ট সময় শেষে চলতি কার্যের সমাপনী মজুদ এবং তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য জানা যায়।
৬. তুলনামূলক বিশ্লেষণ (Comparative Analysis) : উৎপাদন ব্যয় বিবরণীর সাহায্যে বিভিন্ন সময়ের মোট ব্যয় ও একক প্রতি ব্যয় এর তুলনা করা যায়।
৭. ব্যয় নিয়ন্ত্রণ (Cost Control): ব্যয়কে শ্রেণীবিভ্যাস করে অর্থাৎ মাল, শ্রম ও উপরিখরচের ভিত্তিতে ব্যয় বিবরণী প্রস্তুত করা হয় বলে ব্যয় নিয়ন্ত্রণ সম্ভব হয়।
৮. মুনাফা বা লোকসান নির্ণয় (Determining Profit or Loss): মোট ব্যয় ও বিক্রয়মূল্যের পার্থক্যই মুনাফা বা লোকসান। ব্যয় বিবরণী প্রস্তুতের মাধ্যমে তা জানা যায়।

উৎপাদন ব্যয় বিবরণীর শ্রেণীবিভাগ

Classification of Cost Sheet

উৎপাদন ব্যয় বিবরণীকে নিম্নোক্ত শ্রেণীতে বিভক্ত করা যায়। যেমন—

১. **জব ব্যয় বিবরণী (Job Cost Sheet)** : যে সকল প্রতিষ্ঠানে ক্রেতার ফরমায়েশ অনুসারে উৎপাদন করা হয় সেসব প্রতিষ্ঠানে ব্যয় নির্ণয়ের জন্যে প্রস্তুত বিবরণীকে বলা হয় জব ব্যয় বিবরণী।
২. **প্রক্রিয়া ব্যয় বিবরণী (Process Cost Sheet)** : যেসব শিল্প প্রতিষ্ঠানে পৃথক পৃথক উৎপাদন বিভাগ বা প্রক্রিয়ার মাধ্যমে পণ্য উৎপাদন করা হয় যেখানে প্রতিটি প্রক্রিয়ার মোট ব্যয় ও একক ব্যয় নির্ণয়ে প্রক্রিয়া ব্যয় বিবরণী ব্যবহার করা হয়।
৩. **প্রমাণ ব্যয় বিবরণী (Standard Cost Sheet)**: প্রমাণ ব্যয় হিসাব পদ্ধতি চালু আছে এমন প্রতিষ্ঠানের উৎপাদন ব্যয় নির্ণয়ের জন্য প্রমাণ ব্যয় বিবরণী প্রস্তুত করা হয়।
৪. **ব্যয় প্রাক্কলন বিবরণী (Cost Climate Sheet)**: কোনো ব্যয় একক বা ব্যয় কেন্দ্রের ভবিষ্যৎ ব্যয় উৎপাদনগুলোর পরিমাণ অনুমান বা প্রাক্কলন করার জন্য যে ব্যয় তালিকা বা বিবরণী প্রস্তুত করা হয় তাকে বলা হয় ব্যয় প্রাক্কলন বিবরণী।



সারসংক্ষেপ:

উৎপাদন ব্যয় বিবরণী হচ্ছে উৎপাদনের সাথে সংশ্লিষ্ট ব্যয় সমূহের একটি তালিকা যার মাধ্যমে মোট উৎপাদন ব্যয় বা একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয় করা হয়। মোট ব্যয় ও একক ব্যয় নির্ণয়, বিক্রয় মূল্য নির্ধারণ টেন্ডার মূল্য নির্ধারণ, সমাপনি মজুদ মূল্যায়ন, মুনাফা বা লোকসান নির্ণয় প্রভৃতি ব্যয় বিবরণী প্রস্তুতের প্রধান উদ্দেশ্য। ব্যয় বিবরণী আবার বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন – জব ব্যয় বিবরণী, প্রক্রিয়া ব্যয় বিবরণী, প্রমাণ ব্যয় বিবরণী প্রভৃতি।

পাঠ-৪.২

ব্যয় বিবরণীতে ব্যবহৃত পরিভাষা ও ব্যয় বিবরণীর নমুনা ছক
Terms Used in Cost Sheet & Specimen of Cost Sheet

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- ব্যয় বিবরণীতে ব্যবহৃত বিভিন্ন পরিভাষা বলতে পারবেন।
- ব্যয় বিবরণীর নমুনা ছক উল্লেখ করতে পারবেন।
- ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয় না এমন দফাগুলোর তালিকা দিতে পারবেন।



ব্যয় বিবরণীতে ব্যবহৃত পরিভাষা

Terms used in Cost Sheet

১. ব্যবহৃত কাঁচামালের ব্যয় (Cost of Raw Materials used) : প্রারম্ভিক কাঁচামালের ব্যয়ের সাথে কাঁচামালের ক্রয়মূল্য ও সংশ্লিষ্ট প্রত্যক্ষ খরচ যোগ করে সমাপনী কাঁচামালের মূল্য বাদ দিয়ে ব্যবহৃত কাঁচামালের ব্যয় পাওয়া যায়।
২. মূল্য ব্যয় (Prime Cost) : ব্যবহৃত কাঁচামাল ব্যয়ের সাথে প্রত্যক্ষ মজুরী বা শ্রম ব্যয় এবং প্রত্যক্ষ খরচ যোগ করে মূল্য ব্যয় পাওয়া যায়।
৩. কারখানা ব্যয় (Factory Cost): মূল্য ব্যয়ের সাথে কারখানার অর্থাৎ উৎপাদন কার্যে সরাসরি ব্যবহৃত ব্যয় যোগ করে কারখানা ব্যয় পাওয়া যায়।
৪. চলতি কার্য (Work-in-Process): নির্দিষ্ট হিসাবকাল শেষে যে সব পণ্য সম্পূর্ণ তৈরি হয়নি বা আধা সমাপ্ত অবস্থায় আছে বা যে সব পণ্য এখনও উৎপাদন প্রক্রিয়াধীন আছে সেগুলোকে বলা হয় চলতি কার্য। চলতি কার্য প্রারম্ভিক বা সমাপনী উভয়ই হতে পারে।
৫. তৈরি পণ্যের উৎপাদন ব্যয় (Cost of Goods Manufactured): কারখানা ব্যয়ের সাথে প্রারম্ভিক চলতি কার্যের মূল্য যোগ করে এবং সমাপনী চলতি কার্যের মূল্য বিয়োগ করে তৈরি পণ্যের উৎপাদন ব্যয় পাওয়া যায়।
৬. বিক্রিত পণ্যের ব্যয় (Cost of Goods Sold) : একটি নির্দিষ্ট সময়ে যে পরিমাণ পণ্য বিক্রয় হয় তার উৎপাদন ব্যয়ই হলো বিক্রিত পণ্যের ব্যয়। তৈরি পণ্যের উৎপাদন ব্যয়ের সাথে প্রারম্ভিক তৈরি পণ্যের মূল্যের মূল্য যোগ ও সমাপনী তৈরি পণ্যের মূল্য বিয়োগ করে বিক্রিত পণ্যের ব্যয় পাওয়া যায়।
৭. মোট ব্যয় (Total Cost): বিক্রিত পণ্যের ব্যয়ের সাথে প্রশাসনিক ও বিক্রয় উপরিখরচ যোগ করলে বিক্রয় ব্যয় বা মোট ব্যয় পাওয়া যায়।
৮. টেন্ডার ব্যয় বিবরণী (Tender Cost Sheet): একটি নির্দিষ্ট কাজের জন্য ভবিষ্যতে কত খরচ হতে পারে অতীতের খরচের ভিত্তিতে তা নির্ণয় করার জন্য প্রস্তুত বিবরণীকে বলা হয় টেন্ডার ব্যয় বিবরণী। টেন্ডার ব্যয় বিবরণীতে প্রত্যক্ষ মাল ও শ্রমের ব্যয় উল্লেখ থাকে এবং অন্যান্য ব্যয়সমূহ যৌক্তিক শতকরা হারে নির্ণয় করা হয়।

ব্যয় বিবরণীর নমুনা/ছক

Specimen form of Cost Sheet

Name of the Organization
..... Cost Sheet

For

| | | | Tk. | Tk. |
|------|---------------------------------|----------------------------|------|------|
| | Opening stock of raw materials | | **** | |
| Add | Purchase of raw materials | **** | | |
| | Carriage inward | **** | | |
| | Import duty | **** | | |
| | | **** | | |
| Less | Return to suppliers | **** | | |
| | Closing stock of raw materials | **** | | |
| | | | **** | |
| | | Cost of Raw Materials used | | **** |
| Add | Direct wages | | | **** |
| | Direct expense | | | **** |
| | | Prime cost | | **** |
| Add | Factory overhead | | **** | |
| Less | Sale of Scrap | | **** | |
| | | | | **** |
| | | Works Cost | | **** |
| Add | Opening work-in-Process | | | **** |
| | | | | **** |
| Less | Closing work-in-Process | | | **** |
| | | Cost of goods Manufactured | | **** |
| Add | Opening stock of finished goods | | | **** |
| | | | | **** |
| Less | Closing Stock of finished goods | | | **** |
| | | Cost of goods sold | | **** |
| Add | Commercial expenses: | | | |
| | Adminstrative expense | | **** | |
| | Selling & distribution expense | | **** | |
| | | | | **** |
| | | Cost of Sales/Total Cost | | **** |
| | ±Profit/Loss | | | **** |
| | | Selling price/Sales | | **** |
| | | | | |

ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয় না এমন আইটেমসমূহ

Items that are not Includes in Cost Sheet

কিছু কিছু আইটেম বা দফা আছে যেগুলো উৎপাদন ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয় না। যেমন - নগদ বাট্টা, সুনামের অবলোপন, ঋণের সুদ, ব্যাংকে জমার উপর প্রাপ্ত সুদ বা মুনাফা। সন্দেহজনক পাওনা সঞ্চিতি প্রভৃতি।



সারসংক্ষেপ:

একটি উৎপাদন ব্যয় বিবরণীতে ধাপে ধাপে ব্যয় নির্ণয় করা হয়। এরূপ ধাপগুলোর মধ্যে ব্যবহৃত কাঁচামালের ব্যয়, মূল্য ব্যয়, কারখানা ব্যয়, তৈরি পণ্যের উৎপাদন ব্যয়, বিক্রিত পণ্যের ব্যয় ও মোট ব্যয় উল্লেখযোগ্য। কিছু কিছু আর্থিক দফা ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয় না। যেমন - নগদ বাট্টা, ব্যাংকে জমার উপর প্রাপ্ত সুদ বা মুনাফা প্রভৃতি।

পাঠ-৪.৩

ব্যয় বিবরণীর গাণিতিক সমস্যাবলী ও এর সমাধান

Cost Sheet Related Mathematical Problem & Solution



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- এ পাঠ শেষে আপনি উৎপাদনব্যয় বিবরণী সংক্রান্ত গাণিতিক সমস্যাবলীর সমাধান করতে পারবেন।



গাণিতিক সমস্যা ও সমাধান

Mathematical Problems and Solutions

Example 1: The following particulars have been taken from the books of Meghna Ltd for the year 2023

| | Tk. |
|---------------------------------------|----------|
| Opening stock of raw materials | 50,000 |
| Raw material purchased | 20,000 |
| Direct wages | 5,000 |
| Closing stock of raw materials | 3,000 |
| Indirect wages | 12,000 |
| Depreciation on Plant | 6,000 |
| Opening work-in process | 4,000 |
| Closing work-in process | 2,000 |
| Opening stock of finished goods | 7,000 |
| Closing stock of finished goods | 6,000 |
| Sale of scrap | 1,000 |
| Administrative expenses | 15,000 |
| Selling & distribution expenses | 22,000 |
| Sales | 1,60,000 |

Prepare a statement of cost.

Solution:

Meghna Ltd.
Statement of Cost
For the year ended 31 December, 2023

| | | Tk. | Tk. |
|------|-----------------------------------|--------|--------|
| | Opening stock of raw materials | 50,000 | |
| Add | Purchase of raw materials | 20,000 | |
| | | 70,000 | |
| Less | Closing stock of raw materials | 3,000 | |
| | Cost of Raw Materials used | | 67,000 |
| Add | Direct wages | | 5,000 |
| | Prime cost | | 72,000 |
| Add | Factory overhead: | | |
| | Indirect wages | 12,000 | |
| | Depreciation on plant | 6,000 | |

| | | Tk. | Tk. |
|------|---------------------------------|-----------------|----------|
| Less | Sale & Scrap | 18,000 1,000 | |
| | | | 17,000 |
| Add | Opening work-in-Process | | 89,000 |
| | Works Cost | | 4,000 |
| | | | 93,000 |
| Less | Closing work-in-Process | | 2,000 |
| | | | |
| | Cost of goods Manufactured | | 91,000 |
| Add | Opening stock of finished goods | | 7,000 |
| | | | 98,000 |
| Less | Closing Stock of finished goods | | 6,000 |
| | | | |
| | Cost of goods sold | | 92,000 |
| Add | Commercial expenses: | | |
| | Adminstrative expense | 15,000 | |
| | Selling & distribution expense | 22,000 | |
| | | | 37,000 |
| | | | |
| | Cost of Sales/Total Cost | | 1,29,000 |
| | Profit (Balancing figure) | | 31,000 |
| | | | |
| | Sales | | 1,60,000 |

Example 2: Following data are extracted from the cost record of PQR Corporation for the year ended on December 31, 2023:

| | Tk. |
|------------------------------------|--------|
| Balance on 01-01-2023: | |
| Work-in-Progress | 5,000 |
| Finished goods | 6,000 |
| Balance on 31-12-2023: | |
| Work-in-Progress | 3,000 |
| Finished goods | 7,000 |
| Raw materials used during the year | 40,000 |
| Direct Labor | 10,000 |

Factory overhead 60% of direct labor cost, Administrative overhead 25% of works cost, Selling expenses 5% of Cost of goods sold and profit 20% on sales. You are required to prepare a cost sheet.

Solution:

PQR Corporation
Cost Sheet
For year ended on 31.12.2023

| | | Tk. | Tk. |
|-----|----------------------------------|-----|--------|
| | Raw materials used | | 40,000 |
| Add | Direct Labor | | 10,000 |
| | Prime cost | | 50,000 |
| Add | Factory overhead (60% of 10,000) | | 6,000 |

| | | Tk. | Tk. |
|------|--|-----|--------|
| | Works Cost | | 56,000 |
| Add | Opening work-in-Process | | 5,000 |
| | | | 61,000 |
| Less | Closing work-in-Process | | 3,000 |
| | Cost of goods Manufactured | | 58,000 |
| Add | Opening finished goods | | 6,000 |
| | | | 64,000 |
| Less | Closing finished goods | | 7,000 |
| | Cost of goods sold | | 57,000 |
| Add | Administrative overhead (56,000 × 25%) | | 14,000 |
| | Selling overhead (57,000 × 5%) | | 2,850 |
| | Total Cost | | 73,850 |
| Add | Profit (Note 1) | | 18,462 |
| | Sales | | 92,312 |

Note: Calculation of Profit

Profit 20% on sales i.e. If sale is 100, then profit 20 and cost (100-20) = 80

If cost Tk. 80, then profit Tk. 20

If cost Tk. 1 then profit Tk. $\frac{20}{80}$
 If cost Tk. 73,850 then profit Tk. $\frac{20 \times 73,850}{80}$
 = Tk. 18,462

Example 3: Cost data of General Manufacturing Inc. are as follows:-

| | |
|--------------------------------------|-----------|
| Raw Materials used | 5,00,000 |
| Direct labor cost | 3,00,000 |
| Stock of finished goods (31.12.2023) | 50,000 |
| Sale of finished goods | 12,00,000 |
| Works overhead charges | 85,000 |
| Office & General expenses | 70,000 |

The Company is desire to submit a tender to supply its product. It will require materials Tk. 45,000, Wages Tk. 25,000. Expected net profit 15% on Cost Price.

You are asked to show:

- Total Cost
- Percentage of works overhead on direct wages
- Percentage of office and general expenses on works cost
- Amount of Tender price on the basis of the above percentage.

Solution:

General Manufacturing Inc.
Statement of Cost
For the year ended December 31, 2023

| | | Tk. | Tk. |
|------|---------------------------------|-----|----------|
| | Raw materials used | | 5,00,000 |
| Add | Direct Labor | | 3,00,000 |
| | Prime cost | | 8,00,000 |
| Add | Works overhead | | 85,000 |
| | Works Cost | | 8,85,000 |
| Less | Closing stock of finished goods | | 50,000 |
| | Cost of goods sold | | 8,35,000 |
| Add | Office & general expenses | | 70,000 |
| | Total Cost | | 9,05,000 |

(ii) Percentage of works overhead on direct wages:
$$= \frac{\text{Works overhead}}{\text{Direct wages}} \times 100$$

$$= \frac{85,000}{3,00,000} \times 100$$

$$= 28.333\%$$

(iii) Percentage of office & general overhead on works cost:
$$= \frac{\text{Office & General overhead}}{\text{Works Cost}} \times 100$$

$$= \frac{70,000}{8,85,000} \times 100$$

$$= 7.909\%$$

(iv)

Tender Cost Sheet

| | | Tk. | Tk. |
|-----|---|-----|--------|
| | Materials | | 45,000 |
| Add | Wages | | 25,000 |
| | Prime cost | | 70,000 |
| Add | Works overhead (25,000 × 28.333%) | | 7,083 |
| | Works Cost | | 77,083 |
| Add | Office & general expenses (77,083 × 7.909%) | | 6,096 |
| | Total Cost | | 83,179 |
| Add | Profit (83,179 × 15%) | | 12,476 |
| | Tender Price | | 95,655 |



সারসংক্ষেপ:

উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত দ্রব্যের ব্যয় নির্ণয়ের জন্যে উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করা হয়। এছাড়াও দরপত্র বা টেন্ডার মূল্য নির্ধারণের জন্যেও টেন্ডার ব্যয় বিবরণী প্রস্তুত করতে হয়।



- ১। উৎপাদন ব্যয় বিবরণী কী ? এর একটি নমুনা ছক দিন। (What is cost sheet? give a sketch of it.)
- ২। উৎপাদন ব্যয় বিবরণী কেন প্রস্তুত করা হয়? (Why cost sheet is prepared?)
- ৩। জব ব্যয় বিবরণী ও প্রক্রিয়া ব্যয় বিবরণী বলতে কী বুঝেন? (What do you mean by job cost sheet and process cost sheet?)
- ৪। টিকা লিখুন : (ক) চলতি কার্যের ব্যয় (খ) মূল্য ব্যয় (গ) কারখানা ব্যয় (ঘ) বিক্রিত পণ্যের ব্যয়।
write short notes on: a) Cost of work-in-Process b) Prime cost c) Factory cost d) Cost of goods sold.
- ৫। The following particulars have been taken from the books of Surma Ltd. for the year 2023

| | Tk. |
|---------------------------------------|----------|
| Opening stock of raw materials | 50,000 |
| Raw material purchased | 25,000 |
| Direct wages | 5,000 |
| Closing stock of raw materials | 4,000 |
| Indirect wages | 10,000 |
| Depreciation on Plant | 6,000 |
| Opening work-in process | 4,000 |
| Closing work-in process | 2,000 |
| Opening stock of finished goods | 7,000 |
| Closing stock of finished goods | 6,000 |
| Sale of scrap | 2,000 |
| Administrative expenses | 15,000 |
| Selling & distribution expenses | 25,000 |
| Sales | 1,70,000 |

Prepare a statement of cost.

- ৬। Cost data of Cumilla Manufacturing Ltd. are as follows:-

| | |
|--------------------------------------|-----------|
| Raw Materials used | 6,00,000 |
| Direct labor cost | 3,00,000 |
| Stock of finished goods (31.12.2023) | 55,000 |
| Sale of finished goods | 10,00,000 |
| Works overhead charges | 80,000 |
| Office & General expenses | 75,000 |

The Company desires to submit a tender to supply its product. It will require materials Tk. 50,000, Wages Tk. 20,000. Expected net profit 20% on Cost Price.

You are asked to show:

- (i) Total Cost
- (ii) Percentage of works overhead on direct wages
- (iii) Percentage of office & general expense on works cost
- (iv) Amount of Tender price on the basis of the above percentage

9 | Following data are extracted from the cost record of Nishita Corporation for the year ended on December 31, 2023:

| | Tk. |
|------------------------------------|--------|
| Balance on 01-01-2023: | |
| Work-in-Progress | 6,000 |
| Finished goods | 7,000 |
| Balance on 31-12-2023: | |
| Work-in-Progress | 3,000 |
| Finished goods | 7,000 |
| Raw materials used during the year | 45,000 |
| Direct Labor | 12,000 |

Factory overhead 65% of direct labor cost, Administrative overhead 20% of works cost, Selling expenses 5% of Cost of goods sold and profit 25% on sales. You are required to prepare a cost sheet.